গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাজেট অনুবিভাগ

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৫.০২০.০০৫.২০২১- ০২

তারিখ: ১১-০৭-২০২৩খ্রিঃ

বিষয়: মাঠ পর্যায়ের চলমান/সমাপ্ত উন্নয়ন প্রকল্প এবং মেরামত কাজ পরিদর্শন সমাপনান্তে পরিদর্শন সংক্রান্ত।

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৪.২২.৩৭২ তারিখ : ২২/০৩/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের সদয় নির্দেশনা মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক দিনাজপুর ও ঠাকুরগাও জেলায় নির্মানাধীন ও মেরামতাধীন স্থান সমূহে সরেজমিন পরিদর্শন করা হয়। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত :- ( ৮ পাতা)

১১-০৭-২০২৩

(মো: শহীদুজ্জামান)
যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ)
ফোনঃ ৯৫৪৫৮৭০
ই-মেইল:dsbudget1@gmail.com

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (প্রতিবেদনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। অফিস কপি।

বিষয়: মাঠ পর্যায়ের চলমান/সমাপ্ত উন্নয়ন প্রকল্প এবং মেরামত কাজ সমূহ পরিদর্শন সমাপনান্তে প্রতিবেদন **দাখিল প্রসংগে।**

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রশাসন-১ শাখা স্মারক নং-
৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৪.২২.৩৭২ তারিখ: ২২/০৩/২৩ খ্রি.

বর্ণিত বিষযে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক দিনাজপুর ও ঠাকুরগাও জেলায় নিম্নোবর্ণিত নির্মানাধীন ও মেরামতাধীন স্থান সমূহে সরেজমিন পরির্দশন করা হয়। বর্ণিত স্থান/কার্যালয় সমূহের Video করা হয়েছে যা ইতেমধ্যে সচিব মহোদয়ের দপ্তরের Pen-drive এ সরবরাহ করা হয়েছে। Video তে কাজের বাস্তব অবস্থা অবলোকন করার সুযোগ রয়েছে। তবে বাস্তব অগ্রগতির পাশাপাশি নির্মানাধীন ও মেরামতাধীন প্রতিস্থান সমূহের বিবিধ তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত তথ্য সমূহ পরিদর্শন সার্বিক মূল্যায়নের জন্য প্রতিবেদনের নির্ধারিত ছকে সন্নিবেসন করা হলো।

১.উপপরিচালক, পরিবার পরিকল্পনার কার্যালয় দিনাজপুর

২.উপপরিচালক, পরিবার পরিকল্পনার কার্যালয়, ঠাকুরগাঁও

৩.মাধব বাটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বিরল, দিনাজপুর

৪.নার্সিং ইনস্টিটিউট, ঠাকুরগাঁও সদর হাসপাতাল এর নির্মাণধীন মাল্টিপারপাস বিল্ডিং অব নার্সিং ইনস্টিটিউট

৫.আখানগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, ঠাকুগাঁও

৬. আঞ্চলিক পন্যাগার, বালুবাড়ী, মুন্সিবাড়ী, দিনাজপুর

৭. মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ঠাকুরগাঁও

বর্ণিত কেন্দ্র সমূহ পরিদর্শনে যে সকল তথ্য উপাত্ত সংগ্রহ করা হয় তা নির্ধারিত ছকে প্রদর্শি হল। উপস্থাপিত তথ্যসমূহ পর্যালোচনাকালে যে সকল বিষয়াদি নজরে আনা প্রয়োজন তা পর্যায়ক্রমে উপস্থাপিত নিম্নে উপস্থাপিত হলো।

মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা, মা শিশু স্বাস্থ্য ও কৈশোর কালীন প্রজনন স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি কল্পে যে সকল পদক্ষেপ সক্রিয়ভাবে বিবেচনা করা যেতে পারে সেগুলো নিম্নরূপ:

১। মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ০১ জন মেডিকেল অফিসার (ক্লিনিক) কা করেন সদর উপজেলার মেডিকেল অফিসার (MCH-FP) এনাস্থেসিয়ার দায়িত্ত পালন করেন। ০২ জন পরিবার কল্যাণ পরিদর্শিকা ANC, DELIVERY, এবং PNC সেবা দিয়ে থাকেন। MCWC একটি ২৪/৭ সেবা কেন্দ্র সঠিকভাবে পরিচালনার জন্য মেডিকেল অফিসার (ক্লিনিক) কমপক্ষে ০২ (দুই) টি, মেডিকেল অফিসার (এনাস্থেসিয়া) ০১ টি পরিবার কল্যাণ পরিদর্শিকা পদ বাড়িয়ে ০৬ (ছয়) টি করা যেতে পারে।

২। মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো ২৪/৭ সেবার জন্য এখানে ০১ জন পরিবার কল্যাণ পরিদর্শিকাকে ২৪ ঘন্টা সেবা দিতে বলা হয়েছে। যা বাস্তবে অসম্ভব। তাই মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও

পরিবার কল্যাণ কেন্দ্রতে সেবার মান বৃদ্ধির লক্ষ্যে কমপক্ষে ০২ জন পরিবার কল্যাণ পরিদর্শিকাকে নিয়োগ দেওয়া যেতে পারে।

৩। বর্তমানে এসএসসি পাশ করে পরিবার কল্যাণ পরিদর্শিকা পদে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৮মাসের প্রশিক্ষণ শেষে পরিবার কল্যাণ পরিদর্শিকা পদে যোগদান করেন। পুরো নিয়োগ সম্পন্ন করতে ০২ বৎসর সময় লেগে যায়। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সবচেয়ে গুরুত্বপূর্ণ সেবা কেন্দ্র হচ্ছে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র। এ কেন্দ্রের সেবার মান বাড়াতে প্রশিক্ষিত জনবলের বিকল্প নাই। তাই এ পদে ০৪ বছরের ডিপ্লোমা সম্পন্ন করা জনবল নিয়োগ দেওয়া এখন সময়ের দাবী।

৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠপর্যায়ের পরিবার কল্যাণ সহকারীর কর্ম এলাকা ইউনিট হিসেবে পরিচিত। এই ইউনিটে গঠন প্রক্রিয়া জটিল, এই জটিলতার কারণে বিভিন্ন সময়ে পরিবার কল্যাণ সহকারী পদে জনবল নিয়োগের ক্ষেত্রে কর্ম এলাকায় নির্ধারণের সময় বিভিন্ন ধরণের সমস্যা হয় । এজন্য প্রতিটি ইউনিয়নে ০৯ টি ওয়ার্ডে ০৯ জন পরিবার কল্যাণ সহকারী নিয়োগ করা গেলে এই জটিলতা থেকে রক্ষা পাওয়া যাবে।

৫। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সুষ্ঠভাবে পরিচালনা করতে ইউনিয়ন পরিষদের ভূমিকা অপরিসীম। অনেক ক্ষেত্রে দেখা যায় পরিষদের চেয়ারম্যাণ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রদত্ত সেবা সমূহ সম্পর্কে ওয়াকিবহাল নন। এক্ষেত্রে পরিষদের চেয়ারম্যান ও সদস্যদেরকে নিয়ে পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য ও কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য সেবা বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করা একান্ত জরুরী।

১১-০৭-২০২০

(মো: শহীদুজ্জামান)
যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ)
ফোনঃ ৯৫৪৫৮৭০
ইমেইলঃdsbudget1@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাজেট অধিশাখা

## পরিদর্শন প্রতিবেদন

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : আঞ্চলিক পণ্যাগার, দিনাজপুর, বালুবাড়ী, মুন্সীবাড়ী

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৬/০৫/২০২৩, সময়: সকাল-৮.০০ ঘটিকা

০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহতি কার্যক্রম: ছাদের পানি চুয়ে পড়া বন্ধ করা হয়েছে। তবে Exhaust Fan মেরামত করা জরুরী।

০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : কর্মরত -১ জন, কর্মচারী-৩ জন, নিরাপত্তা প্রহরী-১, ১/০৪/২০২৩ তারিখে PRL-এ গেলে pharmacist( মন্তব্য রশীদ) Store keeper-এ দায়িত্বে

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : সকলেই উপস্থিত।

০৬। পরিদর্শকালে কোন (stockholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ :

০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে :

০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা :

০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : ২১ টি উপজেলার মালামাল রাখার জায়গা অপ্রতুল।

১০। প্রতিষ্ঠানের ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : আসবাবপত্র সরবরাহ করা প্রয়োজন।

১১। কোন সমস্যা/চাহিদা : বাউন্ডারী ওয়াল দেওয়া প্রয়োজন।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ) : জরুরী প্রয়োজন।

১৭-০৭-২৩

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম ও পদবী

মো: শহীদুজ্জামান
যুগ্মসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার